গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(www.moca.gov.bd)**

**মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিগত ২৩ মে, ২০২৬ তারিখ ঘোষিত 'নজরুল বর্ষ' পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নিতাই রায় চৌধুরী |
| | : | মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১৫ জুন ২০২৬; সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সভাকে জানান যে জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ০৩ (তিন) দিনব্যাপী (২৩ - ২৫ মে, ২০২৬) অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ময়মনসিংহের ত্রিশালে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি উক্ত অনুষ্ঠান উদ্বোধন করেন। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' পালনের ঘোষণা প্রদান করেছেন। উক্ত ঘোষণানুযায়ী সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নজরুল বর্ষ পালনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে নজরুল বর্ষের লোগো ও পোষ্টার প্রস্তুত এবং খসড়া ক্যালেন্ডার প্রণয়ন করা হয়েছে। মাননীয় প্রতিমন্ত্রী বলেন, দেশের ৬৪টি জেলায় এবং দেশের ৭৪টি উপজেলায় (প্রত্যন্ত ও বিশেষ) নজরুল বর্ষের কর্মসূচি বাস্তবায়নের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। সমগ্র বছরব্যাপী নজরুল বর্ষের অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে মানুষের মাঝে জাতীয় কবি হিসেবে নজরুল সাহিত্য-কর্ম ছড়িয়ে দেয়া সরকারের লক্ষ্য। অত:পর সভাপতি নজরুল বর্ষ পালনের বিষয়ে সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের অনুরোধ জানান।

২.০ <u>আলোচনা:</u>

২.১ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন বলেন, নজরুল বর্ষ উপলক্ষ্যে বিটিভি নজরুল স্মরণে বছরব্যাপী অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা প্রণয়ন করবে। ইতোপূর্বে নজরুলের স্মরণে বছরব্যাপী 'অগ্নিবীণা' নামে একটি অনুষ্ঠান আয়োজন করা হয়েছিল। সে আলোকে অনুষ্ঠানমালা আয়োজন করা হবে। বিস্তারিত অনুষ্ঠানসূচি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

২.২ প্রফেসর ড. আলী হোসেন চৌধুরী, ডিন, সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা (নজরুল পুরস্কার, ২০২৫ প্রাপ্ত) নজরুল বর্ষে নজরুলের বিষয়ে যে সকলক গবেষক দীর্ঘ দিন গবেষণা করছেন তাদের সকলের উপস্থিতিতে একটি সম্মেলন আয়োজনের প্রস্তাব করেন।

২.৩ বিশিষ্ট নজরুল সঙ্গীত শিল্পী জনাব সুজিত মোস্তফা বলেন, নজরুলের জীবনী নিয়ে সরকারি প্রতিটি প্রাথমিক বিদ্যালয় (৩য়-৫ম), মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম), কলেজ (১১-১২) এবং বিশ্ববিদ্যালয়ে প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে। পরবর্তীতে উত্তীর্ণ ৪০ জনকে নিয়ে জাতীয় পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগিতা আয়োজন করা হবে। বাংলাদেশ বেতার, বিটিভিসহ সকল বেসরকারি রেডিও এবং টেলিভিশন কর্তৃক প্রতিদিন অন্তত এক ঘন্টা নজরুলের গান, কবিতা, আবৃত্তি, রচনা ইত্যাদি নিয়ে অনুষ্ঠান পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

বাংলাদেশের বিভিন্ন জেলায় নিভৃতে যারা নজরুল চর্চা করেন তাদের সকলকে নজরুলের যেকোনো বিষয়ের উপরে একটি করে লেখা জমা দেয়ার প্রস্তাব করেন। উক্ত লেখাগুলো হতে নির্বাচিত লেখা নিয়ে একটি 'স্মরণিকা' প্রকাশ করা যেতে পারে। স্মরণিকায় নির্বাচিত লেখকদের ছবি এবং জীবনী সংক্ষেপে তুলে ধরা হবে। নজরুলের গীতিআলেখ্য এবং নাটক নিয়ে নাট্যোৎসব করা যেতে পারে। তিনি আরো বলেন, রাষ্ট্রীয়ভাবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নজরুল পদক প্রবর্তন করা যেতে পারে।

২.৪ অধ্যাপক ড. নাশিদ কামাল, ব্রাক বিশ্ববিদ্যালয় এই মর্মে অভিমত ব্যক্ত করেন যে, বিদেশে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে নজরুলের লিখিত বিখ্যাত গ্রন্থসমূহের অনুবাদ প্রেরণ করা যেতে পারে। বিদেশে দূতাবাসের মাধ্যমে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করে নজরুলের অনুবাদ গ্রন্থসমূহ প্রদান করা যেতে পারে। এছাড়া ৬৪ জেলার ছাত্র-ছাত্রীদের নজরুল ইন্সটিটিউট ও কবি পরিবারের সাথে পরিচিত করানোর জন্য জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট পরিদর্শনের ব্যবস্থা রাখা যেতে পারে।

২.৫ জনাব ইরশাদ আহমেদ শাহীন, নজরুল গবেষক ও অনুবাদক বলেন, কাজী নজরুল ইসলামের সাহিত্য/শিল্পকর্ম ব্যাপকভাবে পরিচিতির লক্ষ্যে ৬৪টি জেলা ও প্রত্যন্ত ৭৪টি উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সাধারণ জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.৬ মিজ্ খিলখিল কাজী, চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট বলেন, নজরুল ইনস্টিটিউটকে এমনভাবে গড়ে তুলতে হবে যাতে শিক্ষার্থীরা পরিদর্শন করতে পারে। কবির ব্যবহৃত বিভিন্ন জিনিসপত্র নজরুল ইনস্টিটিউকে প্রদান করা হয়েছিল কিন্তু এখন অনেক জিনিস নেই। নজরুলের হাতের লেখা গানের খাতা ছিল সেটা পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে আইনগত ব্যবস্থা নেয়া প্রয়োজন। তিনি নজরুল বর্ষে নজরুলের 'দুর্গম গিরি কান্তার মরু' গানটিকে থিম সং হিসেবে নির্বাচনের অনুরোধ জানান।

২.৭ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক বলেন, নজরুলের জীবনী নিয়ে চলচ্চিত্র/বায়োপিক নির্মাণ করা প্রয়োজন। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের উদ্যোগে নজরুল সাংবাদিকতার উপর ১বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স চালুর বিষয়টি প্রক্রিয়াধীন। নজরুল বর্ষ উপলক্ষ্যে এটি চালু করার প্রস্তাব করেন। এছাড়া তিনি নজরুল স্মরণে ধানমন্ডিতে 'র‌্যাভেল স্কয়ার' নির্মাণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ পুলিশে নজরুল বিগ্রেড পদক প্রবর্তন এবংনজরুল বর্ষ উপলক্ষ্যে নজরুলের গান নিয়ে 'ব্যান্ড ফেস্টিভ্যাল' করার প্রস্তাব দেন।

২.৮ মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয় বলেন, **জাতীয় কবি** কাজী **নজরুল ইসলামের** জন্মবার্ষিকী উপলক্ষে ঘোষিত "নজরুল বর্ষ"(২৫ মে ২০২৬বাংলাদেশের সাংস্কৃতিক কূটনীতিকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার একটি (২০২৭ মে ২৫-- অসাধারণ সুযোগ। তিনি শুধুমাত্র বাংলাদেশের জাতীয় কবি নন। তিনি বিদ্রোহ, সাম্য, মানবতা, ধর্মীয় সম্প্রীতি, নারী- পনিবেশিক শোষণবিরোধী চেতনার বিশ্বজনীন প্রতীক।স্বাধীনতা এবং ঔএটি আমাদের জন্য একটি বড় সফট পাওয়ার। "নজরুল বর্ষ" আমাদের জন্য এই সফট পাওয়ার প্রমোট করার একটা বিশাল সুযোগ এনে দিয়েছে। **নজরুল বর্ষ উপলক্ষে** বিশ্বব্যাপী বাংলাদেশের ৮১ টি মিশন বা দূতাবাসে একযোগে "Global Nazrul Festival" আয়োজন করা যেতে পারে। সেখানে নজরুল সঙ্গীত, নজরুলের কবিতা আবৃত্তি, নজরুল বিষয়ক আলোকচিত্র ও শিল্পকর্ম প্রদর্শনী ইত্যাদি অন্তর্ভূক্ত থাকতে পারে। নজরুলের রচনায় উল্লেখযোগ্য যে সব দেশ ও অঞ্চলের উল্লেখ আছে সে সব দেশের সাথে "Poet of Cultural Bridges" কর্মসূচী গ্রহণ করা যেতে পারে। নজরুলের লেখনীতে তুরস্ক, মিশর, ইরাক, ইরান, আফগানিস্তান, লিবিয়া, চীন ইত্যাদি দেশের কথা এসেছে। তাই এই দেশগুলোর সঙ্গে যৌথ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন বাংলাদেশের সাংস্কৃতিক কূটনীতির জন্য অত্যন্ত কার্যকর হতে পারে। **"নজরুল বর্ষ"** উপলক্ষে বাংলাদেশ এই সব দেশের দূতাবাস ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সঙ্গে "Nazrul and the World" শীর্ষক একটি আন্তর্জাতিক সাংস্কৃতিক উদ্যোগ গ্রহণ করতে পারে এবং UNESCO-এর সহযোগিতায় Nazrul Heritage Week বা Nazrul Week আয়োজন করতে পারে। বিদেশি রাষ্ট্রদূত, কূটনীতিক ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের জন্য নজরুলের উল্লেখযোগ্য স্মৃতি বিজড়িত স্থানসমূহ যেমন- ময়মনসিংহের ত্রিশাল এর কাজীর শিমলা ও নামাপাড়া/ দরিরামপুর/ কুমিল্লা/ দৌলতপুর ইত্যাদি স্থানে সাংস্কৃতিক সফরের ব্যবস্থা গ্রহণসহ **নজরুলের যে সকল গ্রন্থ** বা রচনা ইতোমধ্যে ইংরেজিতে অনূদিত হয়েছে সেগুলোর সংকলন প্যাকেজ দূতাবাসসমূহের মাধ্যমে বহির্বিশ্বে বিতরণ ও প্রচার করা যেতে পারে। এছাড়া **"Nazrul: The Global Voice of Humanity"** শিরোনামে বা অন্য কোনো সুন্দর একটি আন্তর্জাতিক মানের কফি টেবিল বুক প্রকাশ করে বিদেশী মিশন, বিশ্ববিদ্যালয়, গ্রন্থাগার ও সাংস্কৃতিক কেন্দ্রগুলোতে বিতরণ করা যেতে পারে।

২.৯ সৈয়দ জুবায়ের আহ্মেদ, সি.ই.ও, সময় টেলিভিশন বলেন, নজরুলকে আধুনিকভাবে উপস্থাপনের বিষয়টি জরুরী। নজরুল ইকোসিস্টেম তৈরী করতে হবে। নজরুল সংগীতের উপর মিউজিক ভিডিও তৈরীসহ 'নারীমুক্তি' ও 'নারীসাম্য' এ জাতীয় অনুষ্ঠান সপ্তাহব্যাপী আয়োজনের ব্যবস্থা করা যায়। নজরুল বর্ষের ক্যালেন্ডারে ডিসেম্বর ২০২৬ এ বিজয় দিবসের সাথে সংগতি রেখে কর্মসূচি এবং ফেব্রুয়ারি ২০২৭ এ ইসলামী গান ও নাত এবং মার্চ ২০২৭ এ স্বাধীনতা দিবসের বিষয়টি রাখা যেতে পারে। নজরুলকে নিয়ে আন্তর্জাতিক মানের চলচ্চিত্র নির্মাণ করা যেতে পারে। তিনি হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় নজরুল স্মরণে 'Welcome to land of Nazrul' শীর্ষক স্থাপনা নির্মাণের প্রস্তাব করেন।

২.১০ প্রফেসর, ড. মোহাম্মদ মোশারফ হোসেন, উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় বলেন, শিশুদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন অর্থাৎ নজরুলের বিভিন্ন বয়সের ছবি আঁকা প্রতিযোগিতা আয়োজনের প্রস্তাব করেন। তিনি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে নজরুল বর্ষের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।

২.১১ ডীন, চারুকলা অনুষদ ঢাকা বিশ্ববিদ্যালয় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে নজরুলের জীবন ও কর্ম নিয়ে জাতীয় পর্যায়ে চিত্র প্রদর্শনীর আয়োজন করা যেতে পারে। সৃজনশীল, জাতীয় ও আন্তর্জাতিক মানের শিল্পীদের নিয়ে চারুকলা অনুষদ এ প্রতিযোগিতা আয়োজন করতে চায়।

২.১২ মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি বলেন, নজরুলের প্রমিত জীবনী রচনা করা প্রয়োজন। বিশ্ববিদ্যালয় পর্যায়ে 'নজরুল' বিষয়ের উপর ১০০ নম্বরের বাধ্যতামূলক কোর্স চালুর উপর তিনি গুরুত্বারোপ করেন। এছাড়া বাংলাদেশ শিল্পকলা একাডেমির মাধ্যমে 'নজরুল ট্যালেন্ট হান্ট' প্রতিযোগিতা আয়োজনের প্রস্তাব করেন।

২.১৩ জনাব হেলাল খান, সভাপতি, জাসাস বলেন, নজরুলের উপর চলচ্চিত্র নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উদ্যোগ গ্রহণ করেছেন মর্মে সভাকে অবহিত করেন।

২.১৪ কবি মজিদ মাহমুদ বলেন, ২০২৬ নজরুলের ঢাকা আগমনের শতবর্ষ পূর্তি , ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ হল, জগন্নাথ হল, বর্ধমান হাউস- এসকল স্মৃতিবিজড়িত স্থানে অনুষ্ঠানাদি হতে পারে। প্রখ্যাত এবং প্রয়াত নজরুল গবেষক নিয়ে অনুষ্ঠান করা যেতে পারে। বিদেশের স্বনামধন্য প্রকাশনা যেমন পেঙ্গুইন বা ম্যাকমিলান এ ধরনের প্রকাশনা প্রতিষ্ঠান থেকে নজরুলের জীবনী বা তাঁর রচনা প্রকাশনার আয়োজন/কার্যক্রম গৃহীত না হলে বিদেশে নজরুলকে জানানো সহজ হবে না। নজরুল রচনাবলির জন্য একটি ডিজিটাল আর্কাইভ করা জরুরি।

৩.০ অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.১. | মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত **'নজরুল বর্ষ'** পালনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত (সংলাগ-১) খসড়া ক্যালেন্ডার অনুযায়ী বছরব্যাপী অনুষ্ঠান/কর্মসূচি আয়োজন করা হবে। উক্ত ক্যালেন্ডার সময়োপযোগী করার জন্য একটি কমিটি গঠন করা হবে। সময়ে সময়ে ক্যালেন্ডার পরিবর্তন করা যাবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কমিটি। |
| ৩.২ | 'দুর্গম গিরি কান্তার মরু' গান নজরুল বর্ষের থিম সং হিসেবে ব্যবহৃত হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৩ | নজরুল বর্ষ উপলক্ষ্যে লোগো, স্মারক ডাকটিকেট প্রকাশ ও পোস্টার প্রস্তুত করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৪ | নজরুল বর্ষ উপলক্ষ্যে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৫ | নজরুল বর্ষ উপলক্ষ্যে সারাদেশে 'নজরুল ট্যালেন্ট হান্ট' প্রতিযোগিতা আয়োজন করা হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৩.৬ | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট শিক্ষার্থীদের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হবে। এছাড়া অন্যান্য সময়েও এই ইনস্টিটিউট পরিদর্শনের ব্যবস্থা রাখতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট। |
| ৩.৭. | নজরুল বর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতারসহ সকল সরকারি-বেসরকারি রেডিও, টেলিভিশন চ্যানেলসমূহ নজরুল স্মরণে বছরব্যাপী প্রতিদিন নির্দিষ্ট সময়ে অনুষ্ঠানমালা প্রচার করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল) এবং বেসরকারি বেতার (সকল)। |
| ৩.৮. | বাংলা একাডেমি ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট নজরুলের রচনাবলী অনুবাদ করবে। | বাংলা একাডেমি ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট। |
| ৩.৯. | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট নজরুল বিষয়ক গবেষণা সমন্বয় করবে। | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.১০. | জাতীয় কবি কাজী নজরুল ইসলামের উপর চলচ্চিত্র নির্মাণ করা হবে। এ বিষয়ে সৈয়দ জুবায়ের আহ্‌মেদ, সি.ই.ও, সময় টেলিভিশন-কে আহবায়ক করে একটি উপ-কমিটি গঠন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.১১. | ঢাকা বিশ্ববিদ্যালয়ে নজরুলের জীবন ও কর্ম নিয়ে জাতীয় পর্যায়ে চিত্র প্রদর্শনীর আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ৩.১২. | নজরুল বর্ষ উপলক্ষ্যে একটি স্মরনিকা প্রকাশ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট। |
| ৩.১৩. | নজরুল বর্ষে নজরুল গবেষকদের নিয়ে সুবিধাজনক সময়ে একটি গবেষক সম্মেলনের আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলা একাডেমি, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট। |
| ৩.১৪. | নজরুল স্মরণে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে নজরুলের অনুবাদ গ্রন্থ প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ 'Global Nazrul Festival' আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৩.১৫. | দেশে ইউনেস্কোর সহযোগিতায় Nazrul Heritage Week বা Nazrul Week আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ১.১৬ | নজরুল বর্ষ উপলক্ষ্যে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট ও বাংলা একাডেমি কর্তৃক বিশেষ ছাড়ে নজরুলের বই বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে। | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট ও বাংলা একাডেমি। |
| ৩.১৭ | নজরুল বর্ষ উপলক্ষ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে 'Welcome to land of Nazrul' শীর্ষক স্থাপনা নির্মাণের বিষয়টি যাচাইয়ান্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

৪.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি নজরুল বর্ষ (২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত) সম্মিলিতভাবে আয়োজনে সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/০৬/২০২৬
নিতাই রায় চৌধুরী
মন্ত্রী

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬ (অংশ-২), ৫০৯

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
১৩. চেয়ারম্যান, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৪. জনাব মো. লতিফুল ইসলাম শিবলী, নির্বাহী পরিচালক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
১৫. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
১৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা।
১৮. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

১৯. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
২০. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।
২১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।
২২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
২৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
২৪. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২৫. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২৬. কপিরাইট রেজিস্ট্রার, বাংলাদেশ কপিরাইট অফিস, ঢাকা।
২৭. জনাব ফারুক ওয়াসিফ, কবি ও সাংবাদিক, মহাপরিচালক, পিআইবি, ঢাকা।
২৮. জনাব সলিমুল্লাহ খান, অধ্যাপক, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।
২৯. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. মিজ্ খিল খিল কাজী, চেয়ারম্যান, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড, বাড়ি-৩৮, ব্লক-ই, সড়ক-১২, বনানী, ঢাকা।
৩১. জনাব ইয়াকুব আলী খান, বিশিষ্ট নজরুল সঙ্গীত শিল্পী।
৩২. মিজ্ ফাতেমাতুজজোহরা, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রোড-৪, বাসা-৮, মণিপুরীপাড়া, ফার্মগেট, ঢাকা।
৩৩. মিজ্ ফেরদৌস আরা, বিশিষ্ট সঙ্গীত শিল্পী, রোড-১১, বাড়ি-৪০১ (১ম তলা), ব্লক-সি, বসুন্ধরা আ/এ, ঢাকা।
৩৪. ড. নাশিদ কামাল, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বাড়ী নং-৭, ফ্ল্যাট-এ-৫, রোড-১২১, গুলশান-০২, ঢাকা-১২১২।
৩৫. মিজ্ ইয়াসমিন মুশতারী, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ওরিয়েন্টাল সানসাইন, বাড়ি-১২৪, রোড-২, ব্লক-এ, নিকেতন হাউজিং, গুলশান-১, ঢাকা।
৩৬. জনাব আবদুল হাই শিকদার, কবি ও নজরুল গবেষক; সম্পাদক, দৈনিক যুগান্তর, বাড়ি-২৮, ফ্ল্যাট-৪এ, রোড-৩, ব্লক-বি, গ্রীণ মডেল টাউন, মান্ডা, মুগদা, ঢাকা-১২১৪।
৩৭. জনাব মোহাম্মদ জাকীর হোসেন, প্রাক্তন নির্বাহী পরিচালক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট।
৩৮. জনাব হাসান হাফিজ, কবি ও সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ, ৩৭১/এ, ব্লক-বি, বসুন্ধরা, বারিধারা, ঢাকা-১২১৯।
৩৯. জনাব সুজিত মোস্তফা, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব।
৪০. ড. লীনা তাপসী, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, প্রফুল্ল, সুফিয়া কামাল হল, কলেজ রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪১. অধ্যাপক ড. তারিক মনজুর, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪২. মিজ্ মিষ্টি কাজী, কবি পৌত্রী।
৪৩. জনাব কাজী নাদীরা ফারজানা, কবি পরিবারের সদস্য।
৪৪. জনাব আলী হেসেন চৌধুরী, নজরুল পুরস্কার ২০২৫ প্রাপ্ত সুধী।
৪৫. জনাব মাইদুল ইসলাম, নজরুল পুরস্কার ২০২৫ প্রাপ্ত সুধী।
৪৬. জনাব মোশতাক শরীফ, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪৭. জনাব আশরাফ উদ্দিন আহমেদ উজ্জ্বল, সাংস্কৃতিক সম্পাদক, বিএনপি, ব্লক-কে, রোড-২০, বাড়ি-২৫, বনানী, ঢাকা- ১২১৩।
৪৮. সভাপতি, জাতীয়বাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস), নয়াপল্টন, ঢাকা।
৪৯. জনাব জুবায়ের বাবু, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব।
৫০. জনাব আবুল আহসান চৌধুরী, গবেষক, লেখক ও অধ্যাপক।
৫১. জনাব ইরশাদ আহমেদ শাহীন, নজরুল অনুবাদক, অধ্যাপক, ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া।
৫২. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
৫৩. সভাপতি, বুলবুল ললিতকলা একাডেমি।
৫৪. জনাব শাহীনূর রেজা, লেখক, নজরুল গবেষক ও শিল্পী।
৫৫. জনাব মজিদ মাহমুদ, নজরুল গবেষক।
৫৬. ড. সম্পা দাস, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বিভাগীয় প্রধান, সমাজকর্ম বিভাগ, লালমাটিয়া সরকারি মহিলা কলেজ।
৫৭. জনাব রেজাউল হোসাইন টিটো (টিটো মুন্সী), বিশিষ্ট আবৃত্তি শিল্পী, ২০/বি, মেইন রোড, মোহাম্মদিয়া হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
৫৮. মিজ্ মাহিনুর মুমু, আবৃত্তি শিল্পী।

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):</u>**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পলিসি ও স্ট্র্যাটেজি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাক।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. অফিস কপি।

০৮/৬/২০২৬

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd

c:\admin file (29-09-2019)\meeting.docx 578